

১৭ই ডিসেম্বর থেকে উপজেলা পর্যায়ে নতুন কারিকুলাম বিস্তরণ প্রশিক্ষণ শুরু হচ্ছে

আগামী ১৭ ডিসেম্বর ২০২৩খ্রি. থেকে উপজেলা পর্যায়ে ৮ম ও ৯ম শ্রেণির জন্য 'নতুন কারিকুলাম বিস্তরণ' বিষয়ক ০৭ (সাত) দিনব্যাপী বিষয়ভিত্তিক শ্রেণি শিক্ষকগণের প্রশিক্ষণ শুরু হচ্ছে। ইতোমধ্যে প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অংশগ্রহণের চিঠি ও শিক্ষকের তালিকা মেইল প্রেরণ করা হয়েছে। ঈশ্বরগঞ্জ উপজেলার বিশ্বেশ্বরী সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়ে ভেন্যু করা হয়েছে। উক্ত ভেন্যুতে ১০টি বিষয়ে ৫৯৭ জন শিক্ষক প্রশিক্ষণ নিবেন। উল্লেখ্য প্রতিটি প্রতিষ্ঠান থেকে কর্মরত শিক্ষকের সংখ্যা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ করা হয়েছে যার ভিত্তিতে অংশগ্রহণকারীর তালিকা তৈরি করা হয়েছে।

প্রশিক্ষণের জন্য যা জরুরী হবে:

- যে শিক্ষক যে বিষয়ে প্রশিক্ষণ নিবেন সেই বিষয়ের পাঠ্যবই সাথে আনতে হবে,
- অনলাইনে গুগল ফর্ম এর মাধ্যমে প্রি-টেস্ট ও পোস্ট-টেস্ট হবে বিধায় ইন্টারনেট কানেকশন সহ স্মার্ট ফোনের প্রয়োজন হবে,
- হোয়াটসএপ গ্রুপ বিভিন্ন বিষয় শেয়ারিং এর জন্য ইন্টারনেট কানেকশন সহ স্মার্টফোন প্রয়োজন হবে,
- মূল্যায়ন নির্দেশিকা আনতে হবে।

প্রশিক্ষণ প্রতিদিন সকাল ৯টায় শুরু হবে এবং বিকাল ৫.০০ টায় শেষ হবে।

দুপুরে নামাজ ও খাবারের জন্য ১ঘন্টা বিরতি থাকবে। এছাড়াও সকাল ১১টায় এবং বিকাল ৩.১৫ মিনিটে ১৫ মিনিটের বিরতি দেয়া হবে।